**বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
www.bfiu.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং-১

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১
১৫ আগস্ট ২০২৪

**প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

**নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলে নগদ জমা অন্তর্ভুক্ত না করা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১৬ জুন ২০২০ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর- ২৬ এর ৬ (ছয়) নম্বর অনুচ্ছেদের নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত নির্দেশনা অনুযায়ী কোনো একটি হিসাবে কোনো একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে ১০ (দশ) লক্ষ টাকা বা তদুর্ধ্ব অর্থের বা সমমূল্যের বৈদেশিক মুদ্রার জমা বা উত্তোলনের (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরণের নগদ জমা বা উত্তোলন) ক্ষেত্রে বিএফআইইউ বরাবর মাসিক ভিত্তিতে নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

২। এক্ষণে, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নগদ লেনদেন রিপোর্ট (CTR) এ নগদ জমা অন্তর্ভুক্ত করা আবশ্যক হবে না। তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলার এর অন্যান্য নির্দেশনা বলবৎ থাকবে।

৩। নির্দেশনাটি আগস্ট, ২০২৪ মাসের নগদ লেনদেন রিপোর্ট (CTR) হতে কার্যকর হবে। বিষয়টি সকল পক্ষের অবগতিতে আনয়ন নিশ্চিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(ইমতিয়াজ আহমদ মাসুম)
পরিচালক (বিএফআইইউ)
ফোন: ৯৫৩০১৭০